



Institutional Quality Assurance Cell (IQAC)

QAP/A-008

Shahjalal University of Science and Technology, Sylhet-3114, Bangladesh

Telephone: +880-821-717850, 714479, 713850 Ext- 249

Email: iqac-off@sust.edu, iqac-dir@sust.edu, iqac-ad@sust.edu



তারিখঃ ২৫শে এপ্রিল, ২০১৮

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর তত্ত্বাবধানে দুইদিন ব্যাপী টিচিং লার্নিং এন্ড অ্যাসেসমেন্টঃ মর্ডান টুলস এন্ড টেকনিকস বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়।

বুধবার সকাল ৯ ঘটিকায় ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর সেমিনার কক্ষে কর্মশালাটি অনুষ্ঠিত হয়।

আইকিউএসির অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোঃ আশরাফুল আলমের সঞ্চালনায় ও আইকিউএসির পরিচালক প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাসের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাবির মাননীয় উপাচার্য প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ এবং রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন যুক্তরাজ্যের ম্যানচেস্টার মেট্রোপলিটন ইউনিভার্সিটির ড. মামুন রশিদ ও শাবির কাউন্সিলিং সাইকোলজিস্ট জনাব ফজিলাতুল্লাহা।

এ সময় শাবির উপাচার্য প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ শিক্ষকদের উদ্দেশ্যে বলেন, গবেষণার জন্য বিশ্ববিদ্যালয়ের পর্যাপ্ত পরিমাণ বাজেট আছে। শিক্ষকদের কাজ হল বেশি বেশি মানসম্পন্ন গবেষণা করা যাতে গবেষণাগুলো দেশের উন্নয়নে কাজে লাগে। শিক্ষকরা ছাত্রদেরকে মানসম্পন্ন শিক্ষা দেয়ার এবং সময়মত বের করে দেয়ার ব্যাপারে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তাছাড়া, ড. মামুন রশিদকে যুক্তরাজ্য থেকে এসে শিক্ষকদের নিয়ে কার্যকরী ভূমিকা পালন করার জন্য বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন।

আইকিউএসির পরিচালক প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস বলেন, স্বাধীন সার্বভৌম দেশকে শিক্ষা ও উন্নয়নে সামনে এগিয়ে নিয়ে যাওয়া আমাদের ঈমানী দায়িত্ব। তিনি বাংলাদেশের শিক্ষা ব্যবস্থাকে আন্তর্জাতিক মানসম্পন্ন অবস্থানে নিয়ে যাওয়ার ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেন।

(প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস)

পরিচালক, আইকিউএসি

শাবিপ্রবি, সিলেট-৩১১৪।